গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠির আর্থ-সামাজিক ও
জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প,
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।

স্মারক নং-৩৩.০১.০০০০. ৮৩৩.০৬.০০১.২২ -৫৭৬ তারিখঃ ২৩/১০/২০২২ খ্রিঃ

**প্রাপক**
**উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (১৮৬ টি উপজেলা)**
................................
................................

বিষয় ঃ ভেড়া প্যাকেজের আওতায় ইন্ডাষ্টিয়াল হেভী ফ্লোর ম্যাট এর স্পেসিফিকেশন স্পষ্টীকরন প্রসংগে ।

উর্পযুক্ত বিষয় আলোকে জানানো যাচ্ছে যে সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠির আর্থ-সামাজিক ও জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের ভেড়া প্যাকেজের আওতায় সুফলভোগীদের মাঝে গৃহ নির্মান উপকরন সরবরাহ করার জন্য প্রকল্প দপ্তর হতে স্পেসিফিকেশন সহ ঘরের ডিজাইন ও বাজেট বরাদ্ধ প্রদান করা হয়েছে। উক্ত স্পেসিফিকেশন এ ভার্জিন পিভিসি ম্যাটেরিয়াল এ তৈরী ইন্ডাষ্টিয়াল হেভী ফ্লোর ম্যাট লাল/ব্লু রং, যাতে দীর্ঘস্থায়ীত্বের গারান্টি বিদ্যমান এবং ডিপিপির নির্দেশনা অনুযায়ি প্রকল্প দপ্তরের লোগো ব্যবহারের নির্দেশনা আছে (সংযুক্ত)। কাল রং এর ইন্ডাষ্টিয়াল ফ্লোর ম্যাট নন ভার্জিন ম্যাটেরিয়াল এ তৈরী বলে তা প্রকল্প দপ্তর কর্তৃক স্পেসিফিকেশন এ বিবেচনা করা হয় নাই।

এমতাবস্থায় উপজেলা প্রাণিসম্প কর্মকর্তা কর্তৃক ভার্জিন পিভিসি ম্যাটেরিয়াল এ তৈরী ইন্ডাষ্টিয়াল ফ্লোর ম্যাট লাল/ব্লু রং এবং ডিপিপির নির্দেশনা অনুযায়ি উক্ত ফ্লোর ম্যাটগুলো প্রকল্প দপ্তরের লোগো সম্বলিত বিষয়টি নিশ্চিত করতঃ ভেড়া প্যাকেজের আওতায় গৃহ নির্মান উপকরন হিসেবে সুফলভোগীদের মাঝে ০২ টি ভেড়ার জন্য ৫ টি করে ফ্লোর ম্যাট সরবহারের নির্দেশনা প্রদান করা হইল।

23/10/2022

ড. অসীম কুমার দাস
প্রকল্প পরিচালক
সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠির আর্থ-সামাজিক ও
জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প,
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা ।
e-mail: pddtlp@gmail.com

23-10-22

অনুলিপিঃ কার্যার্থে

১-১৮৬। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,..................................................।
১৮৭-২৪২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,..................................................।
২৪৩। আইসিটি কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।

অনুলিপিঃ কার্যার্থে ও জ্ঞাতার্থে

১-৮। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/সিলেট/চট্রগ্রাম/খুলনা/রাজশাহী/রংপুর/ময়মনসিংহ/বরিশাল।

অনুলিপিঃ জ্ঞাতার্থে

১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর,বাংলাদেশ, ঢাকা।
২-৩। পরিচালক, প্রশাসন/সম্প্রসারন, প্রাণিসম্পদ অধিদপ্তর,বাংলাদেশ, ঢাকা।

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | মহিষ | ৮৪৬০ | প্রতিটি প্যাকেজে ১টি মহিষ (প্রাপ্ত বয়স্ক-কমপক্ষে ১ বছর ৬ মাস), অস্থায়ী বাসস্থান নির্মান বাবদ এবং এবং ৩ মাসব্যাপী খাদ্য সহায়তা প্রদান করা হবে। | |
| ৭ | হৃষ্টপুষ্ট করণ গরু | ৬৯১০ | প্রতিটি প্যাকেজে ১টি গরু (প্রাপ্ত বয়স্ক-কমপক্ষে ১ বছর ৬ মাস বয়সী ষাঁড়), অস্থায়ী বাসস্থান নির্মান বাবদ এবং ৩ মাসব্যাপী খাদ্য সহায়তা প্রদান করা হবে। | |
| সর্বমোট | | ১৩৭৯৭৬টি | | |

প্রস্তাবিত প্যাকেজ অনুদানের বিতরণ ব্যবস্থা:

প্রকল্প পরিচালকের দপ্তর হতে যথাযথ ক্রয় প্রক্রিয়া অনুসরনকরত: উপরে বর্ণিত ৭টি প্যাকেজে প্রাণি ক্রয় করা হবে। যা বেঞ্চমার্ক সার্ভের মাধ্যমে প্রাথমিকভাবে নির্বাচিত ১৩৭৯৭৬টি সুবিধাভোগী পরিবারের মাঝে (সংযোজনী-১ এ বর্ণিত উপজেলাওয়ারী পরিবার ভিত্তিক) প্রদান করা হবে। একইভাবে প্রকল্প পরিচালকের দপ্তর হতে প্রতিটি দরিদ্র অনগ্রসর পরিবারের জন্য প্যাকেজ অনুযায়ী নির্দিষ্ট সময় পর্যন্ত খাদ্য ক্রয় এবং প্রয়োজনীয় ঔষধ ক্রয় করা হবে, যা সংযোজনী-১ এ বর্ণিত উপজেলাওয়ারী প্যাকেজ অনুযায়ী বিতরণ করা হবে। এখানে উল্লেখ থাকে যে, বিভিন্ন প্যাকেজে ক্রয়কৃত প্রাণি, পশু খাদ্য এবং ঔষধ প্রকল্প পরিচালকের দপ্তর হতে সরবরাহকারী ঠিকাদারী প্রতিষ্ঠান দরপত্রের শর্তানুযায়ী সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে পৌছানোর ব্যবস্থা করবেন। তবে প্রাথমিকভাবে সুফলভোগী পরিবারের জন্য অস্থায়ী পশু/পাখি ঘর নির্মাণ, ঘাসের প্রর্দশনী প্লট এবং ঘাসের বাজার সৃষ্টি বাবদ আর্থিক সহায়তা সরাসরি প্রকল্প দপ্তর হতে স্থানীয় উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে প্রদান করা হবে। স্থানীয় উপজেলা প্রশাসনের সহায়তায় উপজেলা প্রাণিসম্পদ দপ্তর নির্ধারিত কমিটির (নিম্নে বর্ণিত) মাধ্যমে প্রকল্প এলাকার সুফলভোগীদের মাঝে প্রকল্প দপ্তর হতে প্রদানকৃত বিভিন্ন প্যাকেজ বিতরণ, স্থানীয় পর্যায়ে টেন্ডারের মাধ্যমে সুফলভোগীদের জন্য অস্থায়ী ঘর নির্মানের উপকরণ সরবরাহ, ঘাসের প্রর্দশনী প্লট ও অস্থায়ী বাজার সৃষ্টির স্থান নির্ধারণ ও এতদসংক্রান্ত প্রয়োজনীয় অনুদান প্রদানের ব্যবস্থা করবেন। কমিটির রুপরেখা নিম্নরুপ:

| কমিটির সদস্য | পদবী |
|---|---|
| উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান | উপদেষ্টা |
| উপজেলা নির্বাহী অফিসার | চেয়ারম্যান |
| উপজেলা কৃষি অফিসার | সদস্য |
| উপজেলা মৎস্য অফিসার | সদস্য |
| উপজেলা সমাজকল্যান অফিসার | সদস্য |
| সংশ্লিষ্টে ইউনিয়ান পরিষদের চেয়ারম্যান | সদস্য |
| উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য সচিব |

২৩/১০/২০২২

(ডা. অসীম কুমার দাশ)
প্রকল্প পরিচালক
সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠির আর্থ-সামাজিক ও জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প।

মহাপরিচালক প্রাণিসম্পদ অধিদপ্তরের অনুমোদনক্রমে গঠিত কমিটি (সর্বোচ্চ ০৫ সদস্য বিশিষ্ট) প্রজাতিভেদে অস্থায়ী গবাদিপশু/পাখির ঘর/সেড নির্মানের স্পেসিপিকেশন তৈরী করবেন, যা প্রকল্প দপ্তর হতে স্থানীয় উপজেলা প্রানিসম্পদ দপ্তরে প্রেরণ করা হবে। সুফলভোগী পরিবারের জন্য প্যাকেজ অনুযায়ী স্থানীয় প্রাণিসম্পদ দপ্তর হতে প্রদেয় নকশা অনুসরন এবং ঘর নির্মান বাবদ যে সকল উপকরণ সরবরাহ করা হবে, তাতে প্রকল্প দপ্তরের খোদাইকৃত মনোগ্রাম থাকা বাধ্যতামূলক। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হতে বিভিন্ন প্যাকেজ ভিত্তিক যে অনুদান প্রদান করা হবে তা প্রকল্প শুরুর ১ম (প্রথম) বছর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নেতৃত্বে গঠিত তদারকি কমিটির মাধ্যমে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন এবং পরবর্তী ৩ (তিন) বছর সময়ে সময়ে এ সকল বিষয়ের অগ্রগতি পর্যবেক্ষণ করবেন। প্রকল্প পরিচালকের দপ্তরের চাহিদানুযায়ী স্থানীয় প্রাণিসম্পদ কর্মকর্তা অগ্রগতি/পর্যবেক্ষণ প্রতিবেদন লিখিতভাবে অবহিত করবেন।




23/10/2022

(ড. অসীম কুমার দাস)
প্রকল্প পরিচালক
[illegible] জনগোষ্ঠীর
[illegible] জীবনযাত্রার মানোন্নয়নের লক্ষ্যে
[illegible] উন্নয়ন প্রকল্প।




(ড. ... দাস)
প্রকল্প পরিচালক
... ও জীবন মানোন্নয়নের লক্ষ্যে
...প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প।